দৈনিক ইত্তেফাক

JAN. 30 2002

# বাংলা একাডেমীর সভাপতির পদ থেকে প্রফেসর আনিসুজ্জামানের পদত্যাগ



ইত্তেফাক রিপোর্ট ॥ বাংলা একাডেমী আয়োজিত মহান একুশে বইমেলার উদ্বোধনী অনুষ্ঠানে একাডেমীর সভাপতির কোন ভূমিকা না রাখায় সভাপতি বিশিষ্ট শিক্ষাবিদ অধ্যাপক আনিসুজ্জামান পদত্যাগ করেছেন। সংস্কৃতি সচিব বরাবরে এ সংক্রান্ত পত্রে অধ্যাপক আনিসুজ্জামান বলেনঃ অমর একুশে উদযাপন উপলক্ষে বাংলা একাডেমী আয়োজিত গ্রন্থমেলার উদ্বোধনী অনুষ্ঠানে প্রথাগতভাবে সভাপতিত্ব করে থাকেন বাংলা একাডেমীর সভাপতি। গত ৩১ ডিসেম্বর তারিখে লিখিত পত্রে একাডেমীর মহাপরিচালক ২০০২ সালের গ্রন্থমেলার উদ্বোধনী অনুষ্ঠানে সভাপতিত্ব করার জন্য আমাকে অনুরোধ জানিয়েছিলেন। সেই পত্র প্রত্যাহার না করে অথবা কোন কারণ না দেখিয়ে বর্তমান কর্মসূচীতে একাডেমীর সভাপতির কোন ভূমিকা রাখা হয়নি। উদ্বোধনী অনুষ্ঠানে সভাপতির দায়িত্ব যে একাডেমীর সভাপতিই পালন করবেন এমন কোন আইন নেই। তবে দীর্ঘকাল ধরে হয়ে আসছে ফলে বিষয়টি প্রচলনে পরিণত হয়েছে। এ প্রচলনের ব্যত্যয় ঘটিয়ে একটি অসংগতিপূর্ণ সিদ্ধান্ত গৃহীত হওয়ায় একাডেমীর সভাপতির মর্যাদা ক্ষুণ্ন হয়েছে বলে আমি মনে করি। এই অবস্থায় আমার পক্ষে আর এই পদ অধিকার করে থাকা সংগত নয়। আমি একাডেমীর সভাপতির পদ ত্যাগ করলাম।